Department of Education
Chancellor David C. Banks

আচরণ বিধি এবং ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনা

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) এটা নিশ্চিত করতে প্রতিশ্রুত যে, আমাদের স্কুলগুলো নিশ্চিন্ত নিরাপদ এবং সেখানে শৃঙ্খলাপূর্ণ পরিবেশ বজায় রয়েছে যেখানে শিক্ষার্থীরা তাদের উচ্চ অ্যাকাডেমিক মান পূরণ করতে পারেন, শিক্ষকগণ ঐ মান অর্জনে শিক্ষাদান করতে পারেন, এবং পিতামাতাগণ নিশ্চিত থাকতে পারেন যে, একটি নিরাপদ এবং ইতিবাচক স্কুল পরিবেশে তাদের ছেলেমেয়েরা শিক্ষা লাভ করছে। স্কুল কমিউনিটির সকল সদস্যের একজন আরেকজনকে পারস্পরিক শ্রদ্ধার চেষ্টার মধ্যে একটি নিরাপদ ও সহায়ক স্কুল গড়ে ওঠা নির্ভর করে।

স্টেটের আইন অনুযায়ী DOE -এর একটি ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনা তৈরি করতে হবে যাতে জরুরি অবস্থা মোকাবেলা ও সঙ্কটকালীন হস্তক্ষেপ এবং শিক্ষার্থীরা পরিচালিত হবে এমন একটি আচরণ বিধি থাকে। এছাড়া, প্রতিটি স্কুলকে অবশ্যই তার বিল্ডিং লেভেলে সুরক্ষা পরিকল্পনা তৈরি করতে হবে, যা বিল্ডিংয়ের সুরক্ষা প্রক্রিয়া প্রতিষ্ঠা করে – এর মধ্যে থাকবে ভিজিটর নিয়ন্ত্রণ, জরুরি অবস্থার কারণে শিক্ষার্থী অপসারণ এবং অন্য স্কুল-নির্দিষ্ট জরুরি ব্যবস্থা।

28 জুলাই, 2022 -এ আচরণ বিধি এবং ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনা পাবলিক কমেন্টের জন্য পোস্ট করা হয়েছিল এবং 1 সেপ্টেম্বর, 2022 -এ অনুষ্ঠিত একটি পাবলিক হিয়ারিং-এর পর তা গ্রহণ করা হয়েছিল।

আচরণ বিধি এবং ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনা ডিস্ট্রিক্ট-ভিত্তিক নিরাপত্তা টিমের মতামত এবং সুপারিশের প্রতিফলন করে, যার গঠন নিচে বর্ণিত হলো।

DOE -এর আচরণ বিধি এবং ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনার গুরুত্বপূর্ণ অংশসমূহ নিচে তুলে ধরা হয়েছে। আরো তথ্য এই ডকুমেন্টের শেষে দেয়া চ্যান্সেলরের প্রবিধানসমূহ এবং অন্যান্য ডকুমেন্টে পাওয়া যাবে।

1 - ডিস্ট্রিক্ট-ভিত্তিক স্কুল সুরক্ষা পরিকল্পনা:

নিরাপদ ও সুশৃঙ্খল শিখন পরিবেশ বজায় রাখার জন্য এই পরিকল্পনায় DOE -এর নীতি ও প্রক্রিয়াকে অন্তর্ভুক্ত করা হয়। এই পরিকল্পনায় নীতি ও প্রক্রিয়া অন্তর্ভুক্ত রয়েছে যেসবের জন্য: সহিংসতা অথবা অন্যান্য অপরাধমূলক আচরণ রোধের জন্য ব্যবস্থা নেয়া; পিতামাতাদের সাথে যোগাযোগ করা এবং তাদের জানানো এবং আইন প্রয়োগকারী কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা এবং তাদের জানানো। এই পরিকল্পনায় আরো রয়েছে: সম্ভাব্য সহিংস আচরণ নির্ণয়ের জন্য কৌশল; হস্তক্ষেপ ও প্রতিরোধ কৌশল; শিক্ষার্থীদের নিজেদের মধ্যে এবং শিক্ষার্থী ও স্কুলের স্টাফদের মধ্যে যোগাযোগের উন্নতি ঘটাতে কৌশল; স্কুল সুরক্ষা কর্মীদের ভূমিকা ও দায়িত্ব; স্কুল সুরক্ষা কর্মীদের প্রশিক্ষণ; স্কুল বিল্ডিং এর নিরাপত্তা ও নিরাপত্তার যন্ত্রপাতি; জরুরি অবস্থা মোকবেলার

প্রটোকল (নিয়ম-কানুন); স্টাফ ও শিক্ষার্থীদের নিরাপত্তা প্রশিক্ষণ যার মধ্যে রয়েছে জরুরি অবস্থা মোকবেলার প্রটোকলের প্রশিক্ষণ এবং এসব প্রটোকল ও পরিকল্পনার অন্যান্য অংশ পরীক্ষা করার জন্য ড্রিল ও অন্যান্য মহড়া।

DOE একজন চিফ ইমার্জেন্সি অফিসার এবং চিফ ইমার্জেন্সি অফিসারের অনুপস্থিতিতে কাজ করার জন্য একজন ডেপুটিকে নিয়োগ দেয়। চিফ ইমার্জেন্সি অফিসারের দায়িত্ব এসব সমন্বয় করা: স্টাফ এবং আইন প্রয়োগকারী সংস্থা ও অন্যান্য ফার্স্ট রেসপন্ডারদের মধ্যে যোগাযোগ; ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনার বার্ষিক পর্যালোচনা ও হালনাগাদকরণ; ইমারজেন্সি রেসপন্স পরিকল্পনাসহ স্কুল সুরক্ষা পরিকল্পনা সম্পূর্ণ করা যা ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনার সাথে সমন্বিত ও সামঞ্জস্যপূর্ণ; বিল্ডিং জুড়ে নিরাপত্তা ও প্রযুক্তি; স্টাফ ও শিক্ষার্থীদের জন্য নিরাপত্তা, সুরক্ষা ও জরুরি অবস্থার প্রশিক্ষণ এবং ইমার্জেন্সি রেসপন্স ড্রিল।

চিফ ইমার্জেন্সি অফিসার ডিস্ট্রিক্ট-ভিত্তিক নিরাপত্তা টিমের সাথে একত্রে ডিস্ট্রিক্ট-ভিত্তিক সুরক্ষা পরিকল্পনার বার্ষিক পর্যালোচনা করেন। চিফ ইমার্জেন্সি অফিসার হলেন মার্ক রামপারস্যান্ট (Mark Rampersant)। তার অনুপস্থিতিতে, জে ফিন্ডলিং (Jay Findling) এই ভূমিকা পালন করবেন।

1. ডিস্ট্রিক্ট-ভিত্তিক নিরাপত্তা টিম: ডিস্ট্রিক্ট-ভিত্তিক নিরাপত্তা টিমে DOE -এর বিভিন্ন এজেন্সি ও ডিভিসনের প্রতিনিধি রয়েছে, যার মধ্যে রয়েছে:

- প্যানেল অন এডুকেশনাল পলিসি (Panel on Education Policy - PEP)
- ইউনাইটেড ফেডারেশন অভ টিচার্স (United Federation of Teachers - UFT)
- কাউন্সিল অভ সুপারভাইজারস অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটরস (Council of Supervisors and Administrators -CSA)
- DOE-এর অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট (Office of Family and Community Empowerment - FACE)
- নিউ ইয়র্ক সিটি ইমারজেন্সি ম্যানেজমেন্ট (New York City Emergency Management - NYCEM)
- NYPD - স্কুল সেফটি ডিভিশন (School Safety Division -SSD)
- FDNY
- DOE চ্যান্সেলরের অফিস অভ সেফটি অ্যান্ড প্রিভেনশন পার্টনারশীপস (Chancellor's Office of Safety and Prevention Partnerships - OSPP)
- DOE-এর অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট (Office of Safety and Youth Development - OSYD)
- DOE-এর ডিভিশন অভ স্কুল ফ্যাসিলিটিজ (Division of School Facilities - DSF)
- অফিস অভ স্কুল হেলথ্ (Office of School Health - OSH)

2. প্রতিক্রিয়ার সাধারণ রীতি-নীতি(GRP):

লকডাউন, অপসারণ এবং একই স্থানে আশ্রয় গ্রহণের (শেল্টার-ইন-প্লেস) জন্য স্কুলগুলোকে নিচের জরুরি অবস্থা মোকবেলার প্রটোকলগুলো অবশ্যই অনুসরণ করতে হবে। প্রতিটি নিয়মাবলীর জন্য সুনির্দিষ্ট স্টাফ ও শিক্ষার্থীদের পদক্ষেপ রয়েছে যা প্রতিটি সাড়াদানের ক্ষেত্রে অনন্য। ফার্স্ট রেসপন্ডাররা না আসা পর্যন্ত স্কুলগুলো এসব ব্যবস্থা নেয়। তিনটি প্রটোকলের সবগুলোর জন্যই,

অবশ্যই 911 কল করতে হবে। যদি প্রিন্সিপাল/মনোনীত ব্যক্তি কলটি না করে থাকেন, চ্যান্সেলরের প্রবিধান A-412 অনুযায়ী তাদেরকে অবশ্যই অবিলম্বে কলটি করতে বলতে হবে, যা নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট (NYPD) এবং 911-এর সাথে যোগাযোগ সম্পর্কিত নীতি ও প্রক্রিয়া ধার্য করে।

স্কুলের ভিতরে অথবা এর চারপাশের কমিউনিটির মধ্যে উভয় জায়গাতেই ঘটতে পারে এমন বিভিন্ন ধরনের জরুরি অবস্থায় স্কুলগুলোকে সাথে সাথে ও নিরাপদে সাড়া দেয়ার সুযোগ করে দিতে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন এবং NYPD স্কুল সেফটি ডিভিশন কাউন্টার টেরোরিজম ইউনিট এসব প্রটোকল তৈরি করেছে। আগুন লাগা, স্কুলের ভিতরে অনুপ্রবেশকারী, স্কুলের ভিতরে সক্রিয় বন্দুকের গুলি বর্ষণকারী অথবা স্কুল বিল্ডিং-এর বাইরে বিপদজনক পরিস্থিতি, এ ধরনের জরুরি অবস্থার জন্য GRP স্কুলগুলোকে প্রস্তুত করে। ফার্স্ট রেসপন্ডাররা না আসা পর্যন্ত স্কুলের স্টাফ এবং শিক্ষার্থীরা তাৎক্ষণিকভাবে কীভাবে সাড়া দেবে, এসব প্রটোকলে তার রূপরেখা রয়েছে।

সকল জরুরি অবস্থায়, পরিস্থিতি সম্পর্কে সচেতন থাকা গুরুত্বপূর্ণ যেন পূর্ণবয়স্ক ব্যক্তি ও শিক্ষার্থীরা নিরাপদ ও সুরক্ষিত থাকতে সবচাইতে ভালো সিদ্ধান্ত নিতে পারেন।

কডাউন (সফট্/হার্ড বা মৃদু/কঠোর)

সফট্ লকডাউন বোঝায় যে অনুসন্ধানকারী দলের (সুইপ টিম) জন্য শনাক্তযোগ্য আসন্ন বিপদ নেই। সফট্ লকডাউনের সময় অ্যাডমিনিস্ট্রেটিভ বা প্রশাসনিক দলসমূহ, বিল্ডিংয়ে সাড়াদানকারী দলসমূহ, এবং NYPD স্কুল সেফটি এজেন্টগণ (SSA) পরবর্তী নির্দেশনার জন্য নির্দিষ্ট কমান্ড পোস্টে অবস্থান গ্রহণ করবেন।

হার্ড লকডাউন বলতে বোঝায় যে, আসন্ন বিপদের কথা জানা আছে এবং বিল্ডিংয়ে অনুসন্ধানকারক (সুইপ) কর্মকাণ্ডে কেউই নিযুক্ত **হবে না**। একটি চলমান বা সক্রিয় হুমকির ঘটনায় সাড়া দেয়া এর অন্তর্ভুক্ত।

এটা ঘোষণা করা হবে: "সকলের দৃষ্টি আকর্ষণ করছি: আমরা এখন সফট্/হার্ড (মৃদু/কঠোর) লকডাউন-এ আছি। যথাযথ পদক্ষেপ নিন।" (PA সিস্টেমে দুবার বলা হবে।)

SSA সহ সকল ব্যক্তি লকডাউনের উপযুক্ত পদক্ষেপ নেবেন এবং প্রথম সাড়াদানকারীদের আগমনের জন্য অপেক্ষা করবেন।

শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেওয়া হয়:

- দৃষ্টির আড়ালে সরে যাওয়া ও নিরব থাকা।

শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হয়:

- ক্লাসরুমের বাইরে হলওয়েতে কোনো শিক্ষার্থী আছে কিনা তা দেখা, ক্লাসরুমের দরজা তালাবদ্ধ করা এবং লাইট নিভিয়ে দেয়া।
- দৃষ্টির আড়ালে সরে যাওয়া ও নিরব থাকা।
- দরজা খোলার জন্য প্রথম সাড়াদানকারীর জন্য অপেক্ষা করা অথবা "অল ক্লিয়ার" (সব ঠিক আছে) মেসেজ-এর অপেক্ষা করা: “The Lockdown has been lifted” (লকডাউন প্রত্যাহার করা হয়েছে) ঘোষণা এবং এরপর নির্দিষ্ট নির্দেশনা

প্রদান।

- উপস্থিতি গ্রহণ এবং মেইন (প্রধান) অফিসের সাথে যোগাযোগ করে অনুপস্থিত শিক্ষার্থীদের খোঁজ নেয়া।

হার্ড লকডাউনের সময়, ব্যক্তির বিপদ কমানোর জন্য বাড়তি ব্যবস্থা নেয়া প্রয়োজন এমন ঘটনা ঘটতে পারে। কোনো একটি ঘটনার সময় পূর্ণ বয়স্ক ব্যক্তি এবং শিক্ষার্থীদেরকে সকল উপলব্ধ উপায় গ্রহণ করার বিষয়টিও বিবেচনার মধ্যে রাখতে হবে। তাদেরকে নিরাপদ থাকার জন্য বিল্ডিং থেকে পালিয়ে বের হয়ে যেতে এবং তারা যে এলাকায় আছে সেখানে করতে পারা গেলে 911-এ যোগাযোগ করতে হতে পারে। একটি তালাবদ্ধ দরজার পিছনে এবং নিরব থাকা নিশ্চিত করতে তাদেরকে লুকিয়ে থাকতে (লকডাউনে থাকতে) হতে পারে অথবা তাদের রুম বা অফিসে কোন আসন্ন বিপদের ঝুঁকি থাকলে, তাদেরকে আক্রমণকারীর মোকাবেলা করতে হতে পারে।

অপসারণ

স্টাফ ও শিক্ষার্থীদের জন্য ফায়ার অ্যালার্ম (অগ্নিকান্ডের সতর্কসংকেত) হলো অপসারণ শুরুর প্রাথমিক সতর্কতা। তবে এমনও হতে পারে যখন PA সিস্টেম এবং সুনির্দিষ্ট নির্দেশনা ভবন ত্যাগের বা ইভাক্যুয়েশন শুরু করার সতর্কতা হিসেবে কাজ করতে পারে। ঘোষণা শুরু হবে “অ্যাটেনশন" (সকলের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে) বলে এবং এরপর সুনির্দিষ্ট নির্দেশনা দেয়া হবে। (PA সিস্টেমে দুবার বলা হবে।)

শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেওয়া হয়:

- সাথে থাকা জিনিসপত্র রেখে আসতে এবং এক সারিতে দাঁড়াতে। শীতের দিন যখন ক্লাসরুম ছেড়ে যেতে হবে, তখন শিক্ষার্থীদেরকে তাদের কোট নেয়ার কথা স্মরণ করিয়ে দিতে হবে। ফিজিক্যাল এডুকেশন (শরীরচর্চা শিক্ষার) পোশাক পরা শিক্ষার্থীরা তাদের লকার রুমে ফিরে যাবে না। যেসব শিক্ষার্থীর বাহিরে পড়ার মত উপযুক্ত পোশাক সাথে থাকবে না, তাদেরকে যত দ্রুত সম্ভব একটি উষ্ণ স্থানে নিরাপদে রাখতে হবে।

শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হয়:

- ভবন ত্যাগের বা ইভাক্যুয়েশন ফোল্ডার হাতে নেয়া (অ্যাটেনডেন্স শিট বা উপস্থিতির খাতা এবং অ্যাসেমব্লি বা সমাবেশ কার্ডসহ)।
- শিক্ষার্থীদেরকে ফায়ার ড্রিল পোস্টার অনুযায়ী ইভাক্যুয়েশন (অপসারণের) স্থানে নিয়ে যাওয়া। **সবসময় বাড়তি নির্দেশনা শোনা।**
- উপস্থিতি গ্রহণ করা এবং শিক্ষার্থীদের খোঁজ নেওয়া।
- কেউ আহত হলে, কারো সমস্যা হলে, কিংবা কোনো শিক্ষার্থী নিখোঁজ হলে অ্যাসেমব্লি কার্ড ব্যবহার করে স্কুল স্টাফ ও প্রথম সাড়াদানকারীদের কাছে জানানো।

শেল্টার ইন

এটা ঘোষণা করা হবে: "সকলের দৃষ্টি আকর্ষণ করছি: এটি একটি শেল্টার- ইন। বাইরে বের হওয়ার সকল দরজা বন্ধ করুন।" (PA সিস্টেমে দুবার বলা হবে।)

শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেওয়া হয়:

- ভবনের ভেতরে অবস্থান করা।
- নিয়মিত কাজ চালিয়ে যাওয়া।
- নির্দিষ্ট স্টাফের নির্দেশনা অনুসরণ করা।

শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া হয়:

- অবস্থা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা।
- নিয়মিত কাজ চালিয়ে যাওয়া।

"অল ক্লিয়ার" (সব ঠিক আছে) ঘোষণা না শোনা পর্যন্ত শেল্টার-ইন বলবৎ থাকবে: “The Shelter-In has been lifted” (শেল্টার-ইন প্রত্যাহার করা হয়েছে) ঘোষণা এবং এরপর নির্দিষ্ট নির্দেশনা প্রদান।

বিল্ডিং রেসপন্স টিম সদস্যগণ, ফ্লোর ওয়ার্ডেনগণ, এবং শেল্টার-ইন স্টাফগণ সকল বহির্গমন পথ বন্ধ করবেন এবং নির্ধারিত নির্দিষ্ট পোস্টে রিপোর্ট করবেন। প্রতিটি বিল্ডিং সেফটি প্ল্যানে এসকল স্টাফ এবং তাদের নির্দিষ্ট দায়িত্ব সম্পর্কে রূপরেখা দেয়া আছে।

হোল্ড (স্বস্থানে অবস্থান করা)

হোল্ড (স্বস্থানে অবস্থান)-এর সূচনা করা হয় যখন স্কুল ভবনের অভ্যন্তরে এমন কোনো পরিস্থিতির উদ্ভব হয় যাতে সে অবস্থা অবিলম্বে মোকাবিলা করা প্রয়োজন, তখন স্টাফ, শিক্ষার্থী এবং দর্শনার্থীগণ নিজ নিজ অবস্থানে থাকবেন ও "অল ক্লিয়ার" (সব ঠিক আছে) ঘোষণা না পাওয়া পর্যন্ত নিয়মিত কাজ চালিয়ে যাবেন।

স্কুল কমিউনিটি যেন বিপদগ্রস্ত না হয় সেজন্য কোনো ঘটনা ব্যবস্থাপনা করতে হোল্ড (স্বস্থানে অবস্থান) সূত্রপাত করা হতে পারে, অথবা যদি প্রথম সাড়াদানকারীগণ নির্দেশনা প্রদান করেন।

হোল্ড (স্বস্থানে অবস্থান) সফট্ বা হার্ড (মৃদু বা কঠোর) লকডাউন-এর স্থলাভিষিক্ত হয় না।

হোল্ড (স্বস্থানে অবস্থান) ঘোষণা শোনার পর:

স্টাফগণ অবশ্যই:

- দরজায় তালা দেবেন।
- তাদের বর্তমান স্থানে অবস্থান করবেন।
- কোনো শিক্ষার্থী হোল্ড ঘোষণার আগে বাইরে গিয়ে থাকলে মেইন অফিসকে জানাতে হবে।

শিক্ষার্থী/স্টাফগণ অবশ্যই:

- যতক্ষণ পর্যন্ত "অল ক্লিয়ার" (সব ঠিক আছে) ঘোষণা করা না হয়, ততক্ষণ পর্যন্ত নিজ নিজ স্থানে অবস্থান করবেন।
- সাধারণত ক্লাসের শেষে যে ঘণ্টার বাজানো হয়, সেগুলো উপেক্ষা করবেন।
- স্মরণ রাখবেন যে, ক্লাসরুম পাস ব্যবহার করা যাবে না এবং হোল্ড প্রত্যাহার না করা পর্যন্ত সবাইকে নিজ নিজ স্থানে থাকতে হবে।

3. হুমকি এবং অপরাধমূলক কর্মকাণ্ডে ব্যবস্থা গ্রহণ:

স্কুল কর্তৃপক্ষ অবশ্যই শিক্ষার্থী, স্কুলের কর্মচারী এবং দর্শনার্থী কর্তৃক অপরাধজনিত আচরণের হুমকি অথবা কর্মকাণ্ড, যা শারীরিক আঘাত থেকে বোমার হুমকি পর্যন্ত হতে পারে, তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তুত থাকবেন। স্কুল-সম্পর্কিত ঘটনা, শিক্ষার্থী বা স্কুল কর্মীগণ কর্তৃক সংঘটিত অপরাধ অথবা মেডিক্যাল বিষয়ক কোন জরুরি অবস্থা

সম্পর্কে আইন প্রয়োগকারী কর্মকর্তাদের জানানোর প্রক্রিয়াটি চ্যান্সেলরের প্রবিধান A-412 এবং অন্যান্য নীতিতে রয়েছে (নিচে গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলো দেখুন)। উপরে যেমনটি বর্ণিত হয়েছে, ডিস্ট্রিক্ট স্টাফ এবং 911 ফার্স্ট রেসপন্ডারদের তাৎক্ষণিক সাড়াদানের সাথে সাথে সকল হুমকি এবং সহিংসতা অথবা অপরাধমূলক আচরণ মোকাবেলায় জেনারেল রেসপন্স প্রোটোকল (GRP) ব্যবহার করা হবে। এসে পৌঁছানোর পরে, ঘটনা ভিত্তিক সহায়তা প্রদান করার জন্য সকল ডিস্ট্রিক্ট ও ইমারজেন্সি রেসপন্স প্রচেষ্টা স্কুল কর্মকর্তা এবং SSA -এর সাথে সমন্বয় করা হবে।

শিক্ষার্থীদের নিজেদের বিরুদ্ধে হুমকি মোকাবেলার জন্যও স্কুল কর্মকর্তাদের অবশ্যই প্রস্তুত থাকতে হবে। একটি স্কুল ক্রাইসিস টিম প্রতিষ্ঠা এবং আত্মহত্যার প্রচেষ্টা, আত্মঘাতী আচরণ ও আত্মঘাতী কল্পনা মোকাবেলার প্রক্রিয়া চ্যান্সেলরের প্রবিধান A-755 ও নীতিসমূহে রয়েছে (নিচে গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলো দেখুন)।

যখন একজন শিক্ষার্থী এমন কোন আচরণে লিপ্ত হয় যে তা ঐ শিক্ষার্থী বা অন্যদের আঘাত প্রাপ্তির উল্লেখযোগ্য ঝুঁকি সৃষ্টি করে, স্কুল কর্মকর্তাদের তখন আচরণগত সঙ্কট মোকাবেলার কৌশল ও হস্তক্ষেপ এবং স্কুলের সঙ্কট প্রশমন পরিকল্পনা (ক্রাইসিস ডি-এসকেলেশন প্ল্যান)-তে শনাক্তকৃত স্কুলের ও কমিউনিটির রিসোর্স ব্যবহার করে নিরাপদে সেই ব্যবহারের মাত্রা কমিয়ে আনার জন্য প্রত্যেকটি চেষ্টাই করে যেতে হবে। সেই সাথে, যদি নিরাপত্তার কথা বিবেচনা করার পরে অনুমতি পাওয়া যায়, তবে পিতামাতাকে অবশ্যই সেই শিক্ষার্থীর সাথে কথা বলার একটা সুযোগ দিতে হবে। যদি নিরাপদে পরিস্থিতি সামাল না দেয়া যায়, তবে চ্যান্সেলরের প্রবিধান A-411 অনুযায়ী প্রিন্সিপাল/মনোনীত ব্যক্তিকে অবশ্যই 911 কল করতে হবে।

1. স্কুল সুরক্ষা কর্মী:

১৯৯৮-এর সেপ্টেম্বরে, DOE এবং NYPD-এর মধ্যে একটি যৌথ কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে DOE, চ্যান্সেলর, এবং সিটি অভ নিউ ইয়র্কের একটি চুক্তি হয় যার অধীনে স্কুল সুরক্ষার কাজকর্মের – এর মধ্যে আছে স্কুল সুরক্ষা কর্মীদের বাছাই করা, কাজে নিয়োজিত করা, প্রশিক্ষণ, মূল্যায়ন এবং ব্যবস্থাপনা, দায়িত্ব NYPD-এর ওপর দেয়া হয়। এই চুক্তিটি পরবর্তীতে বলবৎ থাকে এবং এরপর June 19, 2019 -এ তা পরিমার্জন করা হয়।

সংশোধিত MOU-টি DOE স্কুলসমূহে নিরাপত্তা প্রদানের ফ্রেমওয়ার্ক অব্যাহত রাখে এবং একটি নিরাপদ ও সুরক্ষিত স্কুল পরিবেশ বজায় রাখতে স্কুল অ্যাডমিনিস্ট্রেটরগণ, SSA ও NYPD -এর ভূমিকা নির্দেশ করে; শিক্ষার্থীদের অসদাচরণ মোকাবেলায় স্কুলের প্রথমিক ভূমিকায় জোর দেয়; শিক্ষার্থীদের অসদাচরণ মোকাবেলায় স্কুলের স্টাফ কোন পরিস্থিতিতে SSA -এর সাথে যোগাযোগ করবেন তা বর্ণনা করে; SSA এবং NYPD অফিসারদের প্রশিক্ষণের ব্যবস্থা করে, যার মধ্যে রয়েছে প্রশমনের সময়; কখন ও কীভাবে NYPD স্কুল প্রোপার্টিতে শিক্ষার্থীকে জিজ্ঞাসাবাদ করতে পারবে তা অন্তর্ভুক্ত আছে; প্রয়োজনীয় সর্বনিম্ন রিস্ট্রেইন্ট

(নিয়ন্ত্রণের জন্য ব্যবহৃত আটক) ব্যবহার করে কখন একটি গ্রেফতার বা সমন জারি হতে পারে সেটার আশা করাটা এতে অন্তর্ভুক্ত থাকে; এবং গ্রেফতার বা সমন জারির ক্ষেত্রে ভিন্ন দিকে নির্দেশিত করা বা বিকল্প ব্যবহার করার ব্যবস্থা করে।

নিচের গুরুত্বপূর্ণ ডকুমেন্টসমূহে সংশোধিত MOU অন্তর্ভুক্ত আছে।

2. প্রশিক্ষণ এবং ড্রিল:

সকল প্রিন্সিপালকে বাধ্যতামূলকভাবে জরুরি প্রস্তুতির প্রশিক্ষণ (ইমারজেন্সি রেডিনেস ট্রেনিং) সম্পূর্ণ করতে হবে, যার মেয়াদ দুই বছর পর্যন্ত বলবৎ থাকে। জুলাই এবং অগাস্টে ট্রেনিং অফার করা হয়, এবং নতুন প্রিন্সিপাল, যারা 1 সেপ্টেম্বরের পরে তাদের পদে কাজ শুরু করেছেন তাদের জন্য শিক্ষাবর্ষ জুড়ে ট্রেনিং হয়।

সকল DOE স্টাফকে অবশ্যই GRP ট্রেনিং নিতে হবে, সেই সাথে সম্ভাব্য সহিংস আচরণ দ্রুত শনাক্তকরণেরও। 15 সেপ্টেম্বরের আগে এবং নতুন নিয়োগপ্রাপ্তদের জন্য প্রয়োজন অনুযায়ী শিক্ষাবর্ষব্যপী এই ট্রেনিং পরিচালনা করতে সকল স্কুলকে একটি বার্ষিক শুরুর দিনের ট্রেনিং ডেক (অ্যানুয়াল ডে ট্রেনিং ডেক) সরবরাহ করা হয়। DOE স্টাফদের মধ্যে যারা স্কুল বিল্ডিংগুলোতে নিয়োজিত নন তাদেরকে অবশ্যই 15 সেপ্টেম্বরের আগে অথবা নিয়োগ পাওয়ার 30 দিনের মধ্যে একটি অনলাইন ট্রেনিং মডিউল সম্পূর্ণ করতে হবে।

সকল শিক্ষার্থীকে অবশ্যই প্রতি শিক্ষাবর্ষের শুরুতে জরুরি অবস্থা মোকবেলার প্রটোকল (ইমারজেন্সি রেসপন্স প্রটোকলস) এবং উপলব্ধ স্কুল রিসোর্সের উপর ট্রেনিংপ্রাপ্ত হতে হবে। সকল শিক্ষার্থীর সাথে অবশ্যই প্রতি শিক্ষাবর্ষের শুরুতে GRP কে রিভিও করে লেসন পরিচালনা করতে হবে। পাওয়ারপয়েন্ট, ভিডিও এবং পাঠ পরিকল্পনা (লেসন প্ল্যান) সহ প্রশিক্ষণ উপকরণসমূহ (ট্রেনিং ম্যাটেরিয়ালস) স্কুলগুলোতে উপলব্ধ করা হয়।

সেইসাথে, স্কুলবর্ষের শুরুতে, GRP সহ স্কুলের জরুরি অবস্থার প্রক্রিয়া সম্পর্কে তথ্য পরিবারগুলোর সাথে অবশ্যই শেয়ার করতে হবে। পরিবারগুলোর মাঝে বিতরণের জন্য একটি পরিচিতিমূলক পত্র এবং জরুরি অবস্থার প্রক্রিয়ার সারসংক্ষেপ স্কুলগুলোকে দিয়ে দেয়া হয়।

সকল স্কুলকে নিম্নলিখিত ড্রিলগুলো পরিচালনা করতে হয় যা তাদের জরুরি পরিস্থিতি মোকাবেলার পরিকল্পনা (ইমারজেন্সি রেসপন্স প্ল্যান) কে পরীক্ষা করে। এই ড্রিলগুলোতে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে সকল সীমিত চলাচলক্ষম শিক্ষার্থী এবং স্টাফদের যাদেরকে অবশ্যই FDNY কর্তৃক অনুমোদিত অপেক্ষায় থাকার নির্দিষ্ট রুম (হোল্ডিং রুম), আগুন থেকে উদ্ধার করার পরে রাখার জায়গা অথবা উদ্ধার সহায়তার জন্য এলাকায় সরিয়ে নিয়ে যেতে হবে। প্রিন্সিপালগণকে অবশ্যই প্রতি শিক্ষাবর্ষে কমপক্ষে 12 টি জরুরি মহড়া (ইমার্জেন্সি ড্রিল) আয়োজন করতে হবে, যার মধ্যে আটটিকে অবশ্যই 31 ডিসেম্বরের আগে হতে হবে। এই আটটি ড্রিলের মধ্যে অবশ্যই অপসারণ (ইভাকুয়েশন) এবং লকডাউন ড্রিল থাকতে হবে। 12 ড্রিলের মধ্যে কমপক্ষে চারটিকে অবশ্যই হতে হবে লকডাউন ড্রিল, যার মধ্যে একটিকে অবশ্যই 31 অক্টোবরের মধ্যে অনুষ্ঠিত হতে হবে এবং আরেকটিকে অবশ্যই 1 ফেব্রুয়ারি-14 মার্চ এর ভিতরে অনুষ্ঠিত হতে হবে। চূড়ান্ত দুইটি অনুষ্ঠিত হওয়ার সময় স্কুলের এক্তিয়ারাধীন। বিভিন্ন পরিস্থিতিতে বিভিন্ন সময়ে ড্রিলগুলো পরিচালিত হবে, যার মধ্যে রয়েছে লাঞ্চ পিরিয়ড এবং সত্যিকারের জরুরি পরিস্থিতির অনুরূপ সৃষ্টিতে পূর্ব ঘোষণা ছাড়াই কোন সময়ে।

NYC -এর ফার্স্ট রেস্পন্ডারদের (NYPD, FDNY এবং OEM) সাথে সহযোগিতায়, জরুরি পরিস্থিতি মোকাবেলা যাতে অপসারণ (ইভাকুয়েশন), শেল্টার-ইন অথবা লকডাউন প্রয়োজন তা মূল্যায়ন করার জন্য DOE প্রতিটি বরোতে আলাদা স্কুল বিল্ডিং-এ পরিচালিত বিভিন্ন ড্রিল পর্যবেক্ষণ করে। স্কুল লিডারদের সাথে টিমটি একটি জিজ্ঞাসাবাদ (ডিব্রিফ) পরিচালনা করে, সেই সাথে কার্যকারিতা মূল্যায়ন করতে এবং সংশোধনমূলক পদক্ষেপ নেয়া প্রয়োজন এমন ক্ষেত্র সনাক্ত করতে একাধিক এজেন্সির একটি ডিব্রিফও হয়। পিতামাতাকে অবহিতকরণ:

স্কুলে কোন সহিংসতা ঘটানোর হুমকি অথবা ঘটনা ঘটানোর ফলে পুরো স্কুল কমিউনিটির উপর অভিঘাত পড়ে। সহিংসতার কোন হুমকি থাকলে অথবা সহিংস ঘটনা ঘটলে, স্কুল কর্তৃপক্ষকে অবশ্যই যথাযথ আইন প্রয়োগকারী এজেন্সির সাথে (উপরে উল্লিখিত উপায়ে) যোগাযোগের জন্য এবং অবিলম্বে স্কুল কমিউনিটিকে বিশেষ করে স্কুলে ভর্তি শিক্ষার্থীদের পিতামাতাকে জানাতে প্রস্তুত থাকতে হবে। পিতামাতাদের অবহিত করতে (তাদের পছন্দনীয় ভাষায়) DOE-এর নীতি এবং প্রক্রিয়া চ্যান্সেলরের প্রবিধান ও নীতিসমূহে রয়েছে (নিচে গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলো দেখুন)। চ্যান্সেলরের প্রবিধান A-415 অনুযায়ী, পিতামাতা, স্টাফ, এবং নির্বাচিত কর্মকর্তাগণ NotifyNYC -এর মাধ্যমে ইলেক্ট্রনিক টেক্সট মেসেজ, ফোন কল, এবং/অথবা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে জরুরি বিজ্ঞপ্তি পাওয়ার জন্য স্বেচ্ছায় তালিকাভুক্ত হতে পারেন। সেই সাথে, পিতামাতা এবং স্কুল কমিউনিটিকে স্কুলে ঘটে চলা নির্দিষ্ট জরুরি পরিস্থিতি সম্পর্কে সতর্ক করতে স্কুল লিডারগণ নির্দিষ্ট স্কুলের জন্য নির্দিষ্ট অবহিতকরণ ব্যবস্থা (নোটিফিকেশন সিস্টেম) গ্রহণ করতে পারেন। এসব বিজ্ঞপ্তি তৈরির জন্য স্কুলগুলোকে তাদের সুপারিনটেনডেন্ট, ফিল্ড কাউন্সেল এবং প্রেস অফিসের সাথে পরামর্শ করতে হবে।

3. বিল্ডিং-স্তরে স্কুল সুরক্ষা পরিকল্পনা:

চ্যান্সেলরের প্রবিধান A-414 অনুযায়ী, (নিচের গুরুত্বপূর্ণ ডকুমেন্টগুলো দেখুন) বিল্ডিং-স্তরে স্কুল নিরাপত্তা/সুরক্ষা (সেফটি) পরিকল্পনা তৈরির লক্ষ্যে প্রতিটি স্কুলকে অবশ্যই একটি স্কুল সুরক্ষা (সেফটি) কমিটি প্রতিষ্ঠিত করতে হবে। প্রতিটি কমিটিতে অবশ্যই নিম্নলিখিত ব্যক্তিবর্গকে থাকতে হবে: UFT চ্যাপ্টার লিডার; কাস্টোডিয়াল ইঞ্জিনিয়ার/মনোনীত ব্যাক্তি; আভ্যন্তরীন স্কুল সেফটি এজেন্ট লেভেল III/মনোনীত ব্যাক্তি; স্থানীয় আইন প্রতিরক্ষা কর্মকর্তা; প্যারেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট/মনোনীত ব্যাক্তি; ডায়েটিশিয়ান/সাইটের জন্য খাদ্য পরিষেবার মনোনীত ব্যাক্তি; কমিউনিটি সদস্য; স্থানীয় অগ্নি নির্বাপণ কর্মকর্তা, স্থানীয় অ্যাম্বুলেন্স অথবা অন্যান্য ইমার্জেন্সী রেসপন্স এজেন্সিসমূহ; ছাত্র সংগঠনের প্রতিনিধি (যেখানে যথাযথ); এবং প্রিন্সিপাল যেকোন ব্যাক্তিকে যথাযথ মনে করেন সে ব্যাক্তি। প্রতিটি স্কুল সেফটি প্ল্যানে যেমনটি বর্ণিত আছে, প্রত্যেক স্কুলকে কর্তৃত্বের ক্রম (চেইন অভ কমান্ড) এবং একাধিক টিম প্রতিষ্ঠিত করতে হবে, যার মধ্যে রয়েছে, একটি বিল্ডিং রেসপন্স টিম ও ক্রাইসিস টিম, এবং জরুরি পরিস্থিতিতে স্কুলের সাড়া দেওয়া (রেসপন্স) সমন্বয় করবেন এমন একজন প্রশাসনিক কর্মী (আডমিনিস্ট্র্যাটিভ স্টাফ)-কে মনোনীত করতে হবে।

অন্যান্য বিষয় ছাড়াও, পরিকল্পনায় বর্ণিত আছে স্কুল বিল্ডিংয়ের প্রবেশ পথ এবং দর্শনার্থী নিয়ন্ত্রণ প্রক্রিয়া; নিরাপত্তার দায়িত্বে নিযুক্তি এবং সময়সূচি; অনুপ্রবেশের ক্ষেত্রে প্রক্রিয়া; জরুরি পরিস্থিতিতে যোগাযোগের প্রণালী, এর মধ্যে আছে যথাযথ আইন প্রয়োগকারী ব্যক্তিদের নাম এবং ফোন নম্বর; এবং সীমিত চলাচল ক্ষমতাসম্পন্ন শিক্ষার্থীসহ, সকল শিক্ষার্থীর অপসরণ প্রক্রিয়া। প্রত্যেক পরিকল্পনায় বর্ণিত আছে শিক্ষার্থী এবং স্টাফদের জন্য সব ধরনের জরুরি অবস্থা মোকবেলায় বিল্ডিংয়ের ব্যবস্থাগ্রহণকারী টিমের ভূমিকা এবং প্রশিক্ষণ। প্রতিটি বিল্ডিং স্তরের পরিকল্পনায় জরুরি পরিস্থিতিতে ব্যবস্থা গ্রহণের নিয়ম-নীতি প্রতিষ্ঠিত আছে, যেমন

ক্ষতিকর বর্জ্য উপচে পড়া, দর্শনার্থী প্রবেশ, বোমার হুমকি, জিম্মি-গ্রহণ অথবা গোলাগুলির পরিস্থিতি; এসব অবস্থায় অপসারণ, আশ্রয় প্রদান, অথবা লকডাউনের মতো কী করতে হবে সেসব। বিল্ডিং স্তরের পরিকল্পনাসমূহ অবশ্যই অফিস অভ সেফটি অ্যান্ড প্রিভেনশন পার্টনারশীপস (OSPP) কর্তৃক তৈরি সেফটি পরিকল্পনা টেমপ্লেটের সাথে সমন্বিত এবং প্রতিবছর অবশ্যই হালনাগাদকৃত হতে হবে। স্টাফ এবং পরিবারদের সাথে শেয়ার করা যাবে এমন বিল্ডিং লেভেলে সুরক্ষা পরিকল্পনা প্রতিজন প্রিন্সিপালের কাছ থেকে অনুরোধের ভিত্তিতে, স্কুল সেফটি প্ল্যানের স্টাফ অথবা পিতামাতা সংস্করণ হিসেবে লব্ধ। পিতামাতার গাইডের একটি টেমপ্লেট নিচের গুরুত্বপূর্ণ ডকুমেন্ট সেকশনে অন্তর্ভুক্ত রয়েছে। স্টেট এডুকেশন আইন অনুযায়ী, বিল্ডিং স্তরের ইমারজেন্সি রেসপন্স পরিকল্পনাসমূহ অবশ্যই গোপনীয় থাকবে এবং সেগুলি প্রকাশ করা হবে না।

4. DOE কেন্দ্রীয় সাড়া প্রদানকারী (রেসপন্স) টিম বা সেন্ট্রাল রেসপন্স টিম (CRT)

সেন্ট্রাল রেসপন্স টিম (CRT) তৈরি করা হয়েছিলো DOE নেতৃত্ব কর্তৃক একটি বিস্তৃত জরুরি পরিস্থিতি মোকাবেলার স্ট্রাটেজি (ইমারজেন্সি রেসপন্স স্ট্রাটেজি) প্রয়োগ করার জন্য যা বিভিন্ন DOE অফিসকে DOE প্রোপার্টিতে ঘটা বিভিন্ন ঘটনা যাতে একাধিক DOE ডিভিশন এবং/অথবা বাইরের এজেন্সি/ইউটিলিটি কোম্পানির সাড়া দেয়া প্রয়োজন হয় তাতে সমন্বয় করার জন্য সক্ষম করে। অন্যান্য ঘটনা যেমন গুরুতর আবহাওয়া পরিস্থিতি এবং জনস্বাস্থ্যগত জরুরি অবস্থা মোকাবেলায় স্কুলগুলোর ব্যবহার এসব ক্ষেত্রেও CRT সাড়া দেবে। CRT সিনিয়র লিডারশিপ কর্তৃক সময়মতো সিদ্ধান্ত নেওয়ার সুযোগ দিতে এবং সম্পর্কিত DOE স্টাফকে দ্রুত অবহিত করতে তথ্য ও উপাত্ত সংগ্রহ করা সহজতর করবে। CRT DOE সেন্ট্রাল অফিসে কাজ করে শিক্ষার্থীর স্বাস্থ্য/নিরাপত্তায় প্রভাব ফেলে এমন ঘটনার ফলাফল এবং স্কুল বিল্ডিং-এর সরঞ্জাম/সুযোগ-সুবিধার কাজের মূল্যায়ন করার জন্য। এটি করতে গিয়ে, স্কুল কমিউনিটি কর্তৃক নেয়া ঝুঁকি ও ব্যবস্থা সম্পর্কে CRT যোগাযোগ করবে এবং ভবিষ্যৎ ঘটনার জন্য প্রস্তুতি ও প্রতিরোধমূলক পদক্ষেপের অব্যাহত উন্নয়নের জন্য প্রতিটি সক্রিয়করণের পরে ডিব্রিফ করবে।

CRT অন্যান্য NYC এজেন্সির সাথে গুরুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখে যার মধ্যে রয়েছে NYPD, FDNY, MTA, NYCEM এবং বিভিন্ন এজেন্সির অন্যান্য ইমারজেন্সি ম্যানেজমেন্ট টিম যেমন DOHMH এবং DSS; বিভিন্ন সময়ে CRT আমেরিকান রেড ক্রস -এর সাথো সম্পৃক্ত হবে। DOE -এর অভ্যন্তরে, CRT নিশ্চিত করে যে, এ বিষয়ের সকল গুরুত্বপূর্ণ DOE টিম যার মধ্যে রয়েছে কিন্তু এতেই সীমাবদ্ধ নয়ঃ স্কুল ফ্যাসিলিটিজ এবং এর ডেপুটি ডিরেক্টরস অভ ফ্যাসিলিটিজ (Deputy Directors of Facilities - DDF); সেফটি অ্যান্ড প্রিভেনশন পার্টনারশীপস এবং এর বরো সেফটি ডিরেক্টরস (BSD) সমন্বিত আছে। DDF ও BSD রা কোনো একটি জরুরি অবস্থায় প্রিন্সিপালগণ এবং প্রতিটি বিল্ডিং রেসপন্স টিম (BRT) -এর লিডারদের সরাসরি সহায়ক।

5. কাজের পরিকল্পনা অব্যাহত থাকা (কন্টিনিউটি অভ অপারেশন্স প্ল্যানিং, COOP)

DOE -এর কন্টিনিউটি অভ অপারেশন্স প্ল্যান নিশ্চিত করে যে, বিস্তৃত পরিসরের জরুরি অবস্থায়, যার মধ্যে রয়েছে প্রাকৃতিক স্থানীয় কোন ঘটনা, দুর্ঘটনা, সংক্রামক রোগ এবং প্রযুক্তিগত অথবা আক্রমন-সম্পর্কিত জরুরি অবস্থা; পরিষেবা কাজ করা অব্যাহত থাকবে। এই পরিকল্পনাটি নিউ ইয়র্ক সিটি ইমারজেন্সি ম্যানাজমেন্ট (NYCEM) -এর তদারকিতে DOE কর্তৃক বার্ষিক পর্যালোচনা করা হয়।

ডিপার্টমেন্টের COOP প্ল্যানটি জরুরি অবস্থা সম্পর্কিত বেশ কয়েকটি ক্ষেত্রকে নিয়ে, যার মধ্যে রয়েছে তবে এতেই সীমাবদ্ধ নয়:

অপরিহার্য কার্যক্রমঃ স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হওয়ার পরে যে গুরুত্বপূর্ণ জটিল কর্মকাণ্ড করা হয় এবং এসব অপরিহার্য কার্যক্রম অব্যাহত থাকা নিশ্চিত করতে প্রয়োজনীয় সামগ্রী (সাপ্লাই), সরঞ্জাম, প্রযুক্তি অথবা ব্যক্তি।

উত্তরসূরিতার ক্রমঃ জরুরি অবস্থার সময় সিনিয়র এজেন্সি অফিসে দায়িত্বগ্রহণের বিধান যখন সেসব কর্মকর্তার কেউ দায়িত্ব পালনের জন্য অনুপস্থিত থাকেন।

কর্তৃত্ব ন্যস্তকরণঃ কেন্দ্রীয়, মাঠ পর্যায় এবং অন্য সকল স্তর ও অবস্থানে নীতি নির্ধারণ ও সিদ্ধান্ত নেওয়ার জন্য, অবস্থানের ভিত্তিতে, কর্তৃপক্ষকে সনাক্তকরণ।

অব্যাহত থাকার জন্য স্থাপনা: প্রধান স্থাপনা ব্যাতীত, যেসব স্থান অপরিহার্য কার্যক্রম চালু রাখতে ব্যবহৃত হয়, বিশেষ করে একটি অব্যাহত থাকা কার্যক্রমে। অব্যাহত থাকার জন্য স্থাপনা অথবা "বিকল্প স্থাপনা" শুধুমাত্র অন্য স্থানকেই বোঝায় না, একই সাথে অপ্রচলিত উপায় যেমন বাড়িতে কাজ করা (ওয়ার্কিং অ্যাট হোম), টেলিকমিউটিং এবং মোবাইল-অফিস কনসেপ্টকেও বোঝায়।

অব্যাহত থাকার জন্য যোগাযোগ: সকল পরিস্থিতিতে, অন্যান্য এজেন্সির সাথে একযোগে, অপরিহার্য কার্যক্রম সম্পাদন করার সক্ষমতা দেয় যে যোগাযোগ।

গুরুত্বপূর্ণ রেকর্ড ব্যবস্থাপনাঃ একটি অব্যাহত থাকা কর্মকাণ্ড চলাকালীন অপরিহার্য কার্যক্রমকে সহায়তা করার জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের ইলেক্ট্রনিক ও কাগজের (হার্ড) কপি, রেফারেন্স, রেকর্ড, ইনফর্মেশন সিস্টেম, ড্যাটা ম্যানেজমেন্ট সফটওয়্যার ও সরঞ্জাম সনাক্তকরণ, সুরক্ষা ও প্রস্তুত অবস্থায় প্রাপ্যতা।

মানব সম্পদ (হিউম্যান ক্যাপিটাল): একটি অব্যাহত থাকা কর্মকাণ্ড চলাকালীন, জরুরি অবস্থার কর্মী এবং বরাদ্দকৃত সাড়াদানের (রেসপন্স) দায়িত্ব পালন করার জন্য একটি এজেন্সি কর্তৃক সক্রিয় করা বিশেষ ক্যাটাগরির কর্মী।

পরীক্ষা, প্রশিক্ষণ এবং অনুশীলনীঃ একটি অব্যাহত থাকা কর্মকাণ্ডের সময়কাল জুড়ে এজেন্সির অপরিহার্য কার্যক্রম অব্যাহতভাবে সম্পাদন করাকে সহায়তা করতে এজেন্সির অব্যাহত থাকার পরিকল্পনা যে সক্ষম, তা নিশ্চিত করা।

নিয়ন্ত্রণ ও নির্দেশনার বিকেন্দ্রীকরণ/ক্ষমতা-হস্তান্তরঃ একটি এজেন্সির প্রধান কার্যকরী স্টাফ ও স্থাপনা থেকে অপরিহার্য কার্যক্রমের জন্য সংবিধিবদ্ধ কর্তৃপক্ষীয় ক্ষমতা ও দায়িত্ব অন্য এজেন্সির কর্মী ও স্থাপনায় হস্তান্তর করার সক্ষমতা।

পুনর্গঠন: যে প্রক্রিয়ার মাধ্যমে টিকে থাকা এবং/অথবা প্রতিস্থাপিত এজেন্সি কর্মী আসল অথবা প্রতিস্থাপিত কার্যকরী স্থাপনা থেকে এজেন্সির স্বাভাবিক কার্যক্রম পুনরায় শুরু করে।

কোভিড 19 অতিমারী (প্যান্ডেমিক) -এর সাথে সম্পর্কিত স্বাস্থ্য ও সুরক্ষা বিষয়ক উদ্বেগের মোকাবেলায়, সুপারভাইজার, স্টাফ, পিতামাতা এবং অন্যান্য যারা DOE বিল্ডিং ব্যবহার করেন তাদের জন্য DOE নির্দিষ্ট নীতি, প্রক্রিয়া ও রিসোর্স গঠন করেছে। মানানসইভাবে পরিবর্তিত পরিস্থিতি মোকাবেলা এবং কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে এগুলো নিয়মিত পর্যালোচনা, সংশোধন এবং বিতরণ করা হয়। জনসাধারণের জন্য রিসোর্সগুলো DOE website -এ পাওয়া যাবে।

6. আচরণ বিধি

আচরণ বিধিতে রয়েছে শিক্ষার্থীর আচরণকে পরিচালিত করার DOE -এর নীতি ও প্রক্রিয়া যার মধ্যে রয়েছে শিক্ষার্থীর শিখনে সহায়তা করতে সিটিব্যাপী আচরণগত প্রত্যাশা বা সিটিওয়াইড বিহেভিয়েরিয়াল এক্সপেক্টেশন (শৃঙ্খলা বিধি), যা আচরণের প্রত্যাশিত মানদণ্ড এবং অসদাচরণে লিপ্ত হলে বিভিন্ন মধ্যস্থতা/হস্তক্ষেপ, সহায়তা ও শৃঙ্খলাজনিত পদক্ষেপ প্রতিষ্ঠিত করে; বৈষম্যকরণ, হয়রানি, ভীতি প্রদর্শন এবং/অথবা বুলি করা (মাস্তানি) মোকাবেলা ও সমাধানের জন্য বিধান; পিতামাতাদের অবহিতকরণের জন্য নীতি ও প্রক্রিয়া (তাদের পছন্দনীয় ভাষায়); রিপোর্ট করার জন্য প্রয়োজনীয় শর্তাবলী; আইন প্রয়োগকারীদের অবহিতকরণের জন্য প্রয়োজনীয় শর্তাবলী; সকল স্টাফের প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় শর্তাবলী; শিক্ষার্থীর অধিকার এবং দায়বদ্ধতার বিল বা বিল অভ স্টুডেন্ট রাইটস অ্যান্ড রেস্পন্সিবিলিটি যা ইতিবাচক ব্যাবহার এবং একটি নিরাপদ ও সহায়ক স্কুল আবহের দিকে নজর দেয়।

স্কুলে না যাওয়া 18 বছরের কম বয়সী একজন ছেলে/মেয়ে, যে এমনভাবে আচরণ করে যা বিপজ্জনক বা নিয়ন্ত্রণের বাইরে অথবা প্রায়ই পিতামাতা, অভিভাবক বা অন্যান্য কর্তৃপক্ষকে অমান্য করে, সে একজন তত্ত্বাবধান প্রয়োজন এমন একজন ব্যক্তি (পার্সন ইন নিড অভ সুপারভিশন, PINS) হিসেবে গণ্য হতে পারে। একটি PINS আবেদন দাখিল করার আগে পিতামাতাদের অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স সার্ভিসেস (ACS) ফ্যামিলি অ্যাসেসমেন্ট প্রোগ্রাম (F.A.P.)-এর মাধ্যমে ভিন্নমুখী পরিষেবা (ডাইভারসন সার্ভিসেস) গ্রহণ করতে হবে। F.A.P. ওয়েবসাইটে PINS সম্পর্কে তথ্য দেয়া আছে। (https://www1.nyc.gov/site/acs/justice/family-assessment-program.page). পিতামাতারা স্বেচ্ছায় যে কোন ACS ফিল্ড অফিসে গিয়ে প্রতিরোধমূলক পরিষেবা (প্রিভেনটিভ সার্ভিস) -এর জন্য অনুরোধ করতে পারেন। যখন একটি PINS আবেদনে পলায়ন বা স্কুলে অসদাচরণের অভিযোগের বর্ণনা থাকে, সেই কিশোর/কিশোরীর উপস্থিতি/স্কুলে আচরণের উন্নতি ঘটাতে স্কুল কর্তৃক গৃহিত পদক্ষেপসমূহ ACS পর্যালোচনা করবে এবং স্কুলকে আরো ভিন্নমুখী প্রচেষ্টা গ্রহণ করতে সংশ্লিষ্ট করানোর চেষ্টা করবে। পলায়ন বা স্কুলে আচরণজনিত সমস্যার সমাধানের জন্য ACS স্কুলে যোগাযোগ করবে আবেদন করার প্রয়োজনীয়তা দূর করতে, অথবা, কমপক্ষে, প্রস্তাবিত আবেদনগুলোতে শিক্ষা-সংক্রান্ত অভিযোগগুলোর প্রতিকার করতে। DOE স্টাফ সদস্যদেরকেও মধ্যস্থতা/হস্তক্ষেপের ব্যাপারে দলিল প্রদর্শন (ডকুমেন্টেশন) করতে এবং PINS আবেদন করা ছাড়া শিক্ষাগত বিষয়গুলো কেন সমাধান করা যাবে না তার কারণগুলো জানাতে বলা হতে পারে। যখন একটি PINS আবেদন দাখিল করা হয় এবং আদালত বিশ্বাস করে যে শিক্ষা-সম্পর্কিত বিষয়গুলো সমাধান করতে স্কুল স্টাফের সহায়তা সাহায্য করতে পারে, তখন ফ্যামিলি কোর্টের বিচারক স্কুল স্টাফকে আদালতে হাজির হওয়ার অনুরোধ করতে পারেন।

1. শৃঙ্খলা বিধি:

শৃঙ্খলা বিধি শিক্ষার্থীদের অসদাচরণ মোকাবেলায় একটি ফ্রেমওয়ার্ক প্রতিষ্ঠিত করে। এখানে উল্লিখিত যে, কাউন্সেলিং এবং অন্য স্কুল-ভিত্তিক মধ্যস্থতা যেমন পুনরুদ্ধারমূলক অনুশীলনীর মাধ্যমে শিক্ষার্থীর আচরণ শোধরানোর যৌক্তিক সব চেষ্টা অবশ্যই করতে হবে। এখানে আরো উল্লিখিত যে, উপযুক্ত শৃঙ্খলা বিষয়ক ব্যবস্থা গ্রহণে প্রতিরোধ এবং কার্যকরী মধ্যস্থতা, স্থিতিশীলতা ধারণ করা, শিক্ষার্থীদের শিক্ষায় বিঘ্ন সৃষ্টিতে প্রতিরোধ এবং ইতিবাচক স্কুল সংস্কৃতি গড়ে তোলার উপর জোর দেয়া উচিত। এর মধ্যে রয়েছে বিভিন্ন ক্রমবর্ধমান বয়স-উপযোগী হস্তক্ষেপ ও সহায়তা এবং শিক্ষার্থীর অসদাচরণ মোকাবেলায় ব্যবহৃত হতে পারে এমন শৃঙ্খলাজনিত পদক্ষেপ।

2. হস্তক্ষেপ কৌশল (ইন্টারভেনশন স্ট্রাটেজি):

প্রত্যেক স্কুল শিক্ষার্থীদেরকে একটি সহায়ক পরিবেশ প্রদানের লক্ষ্যে একটি ইতিবাচক স্কুল আবহ এবং সংস্কৃতি তৈরি করবে বলে প্রত্যাশিত যেখানে শিক্ষার্থীরা লেখাপড়ায় ও সামাজিক দিক দিয়ে সমৃদ্ধ হয়ে বেড়ে উঠবে। সামাজিক মানসিক শিক্ষণের জন্য অর্থবহ সুযোগসহ বিভিন্ন ইতিবাচক আচরণ সহায়তা প্রদান করে শিক্ষার্থীদের সমাজমুখী আচরণ বৃদ্ধিতে স্কুলগুলো সক্রিয় ভূমিকা রাখবে সেটিই প্রত্যাশিত।

শিক্ষণে ব্যাঘাত ঘটায় এমন অনুপযুক্ত শিক্ষার্থী আচরণে ব্যবস্থা গ্রহণের দায়িত্ব স্কুল কর্মী সদস্যগণের। প্রশাসক, শিক্ষকমণ্ডলী, কাউন্সিলর এবং অন্যান্য স্কুল কর্মচারীগণ প্রতিবন্ধী শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীকে হস্তক্ষেপ ও নিরোধ কৌশলের সাথে সংশ্লিষ্ট করবেন এবং কৌশলসমূহ নিয়ে শিক্ষার্থী ও পিতামাতা(গণ)-এর সাথে আলোচনা করবেন সেটিই প্রত্যাশিত।

হস্তক্ষেপ কৌশল শৃঙ্খলা বিধিতে বর্ণিত আছে। হস্তক্ষেপ এবং প্রতিরোধের পন্থার মধ্যে থাকতে পারে গাইডেন্স কনফারেন্স (সমূহ); পিতামাতার সাথে যোগাযোগ করা (প্যারেন্ট আউটরিচ); দ্বন্দ্ব নিরসন; স্বল্প-মেয়াদী আচরণগত অগ্রগতির রিপোর্ট; ব্যক্তিক আচরণ গড়ার চুক্তি; কাউন্সেলিং স্টাফ দ্বারা হস্তক্ষেপ; পিউপিল পার্সোনেল টিমে রেফারেল; পুনরুদ্ধারমূলক অনুশীলন; সহযোগিতামূলক সমস্যা সমাধান; একক/দলগত কাউন্সেলিং; ব্যক্তিক সহায়তা পরিকল্পনা; কাউন্সেলিং পরিষেবার জন্য রেফারেল; মেন্টরিং; সামাজিক-আবেগজনিত শিক্ষা এবং কমিউনিটি ভিত্তিক সংগঠনের কাছে রেফারেল।

হস্তক্ষেপ এবং প্রতিরোধ কৌশল ব্যবহার যা শিক্ষার্থীদেরকে সম্পৃক্ত রাখে এবং একটি স্পষ্ট লক্ষ্যের ধারণা প্রদান করে, তার মাধ্যমে স্কুল কর্মী সদস্যগণ শিক্ষার্থীদের অ্যাকাডেমিক এবং সামাজিক-মানসিক বিকাশকে সহজতর করে এবং তাদের স্কুল নিয়ম-কানুন ও নীতি মেনে চলায় সাহায্য করে।

ক্লাসরুমে শিক্ষকগণ একটি প্রত্যাশিত শিক্ষণ পরিবেশ লাভের জন্য বিভিন্ন ধরনের প্রাতিষ্ঠানিক ও আচরণগত কৌশল ও পদ্ধতি ব্যবহার করেন। আন্ত:বিষয়ক টিমসমূহ যার অন্তর্ভুক্ত সহায়ক কর্মীবৃন্দ যেমন গাইডেন্স কউন্সেলর তারা প্রত্যেকটি স্কুলের অংশ। “ঝুঁকিতে আছে” এমন শিক্ষার্থীদের নির্দিষ্ট সমস্যা সমাধানে কৌশল অবলম্বন ও বাস্তবায়নের জন্য এই টিমগুলি নিয়মিত ভিত্তিতে মিলিত হয়।

যেখানে মানানসই, চ্যান্সেলরের প্রবিধান A-443 এবং শৃঙ্খলা বিধিতে বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী ক্রমবর্ধমান বয়স-উপযোগী শৃঙ্খলাজনিত পদক্ষেপ অবশ্যই কার্যকর করতে হবে। (নিচের গুরুত্বপূর্ণ ডকুমেন্টমেন্টগুলো দেখুন)

3. বৈষম্য, হয়রানি, ভীতি-প্রদর্শন এবং বুলিইং বা মাস্তানি;

DOE নীতি হচ্ছে একটি নিরাপদ ও শিখন সহায়ক পরিবেশ বজায় রাখা যা জাতি, বর্ণ, ধর্মীয় মতবাদ, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, লৈঙ্গিক অভিব্যক্তি, যৌন অভিযোজন, প্রতিবন্ধিতা, অথবা ওজনের ভিত্তিতে শিক্ষার্থী কর্তৃক অন্য শিক্ষার্থীর বিরুদ্ধে পক্ষপাতদুষ্ট হয়রানি, ভীতি প্রদর্শন এবং/অথবা নিগ্রহ মুক্ত। চ্যান্সেলরের প্রবিধান A-832 এবং শৃঙ্খলা বিধিতে DOE -এর নীতি বর্ণিত আছে। (নিচের গুরুত্বপূর্ণ ডকুমেন্টমেন্টগুলো দেখুন) এই ডকুমেন্টগুলো এধরনের ব্যবহার প্রতিরোধ, রিপোর্ট করা, তদন্ত করা এবং এতে সাড়া দেওয়ার প্রক্রিয়াকে প্রতিষ্ঠিত করে।

সকল শিক্ষার্থী ও স্টাফকে চ্যান্সেলরের প্রবিধান A-832 অনুযায়ী প্রয়োজনীয় বিষয়ে অবশ্যই প্রশিক্ষণ দিতে হবে। OSYD একাধিক রিসোর্স প্রদান করে, যার মধ্যে রয়েছে পাঠ (লেসন) এবং পাঠ্যক্রম এবং এই তথ্য শিক্ষার্থীদের দিতে স্কুলগুলোকে সাহায্য করার

জন্য একটি বিস্তারিত বাস্তবায়নের গাইড। সেই সাথে, এটি একটি ট্রেনিং ডেক এবং সম্পূরক রিসোর্স গড়ে তোলে যা স্কুল লিডারগণ শিক্ষানির্দেশনামূলক নয় এমন স্টাফসহ সকল কর্মীকে প্রশিক্ষণ দেওয়ার চাহিদা পূরণ করতে ব্যবহার করতে পারে।

4. পিতামাতার সংশ্লিষ্টতা এবং অবহিতকরণ:

শিক্ষার্থী, পিতামাতা, এবং স্কুল কর্মীগণ - সবার স্কুলগুলোকে সুরক্ষিত রাখার জন্য একটি ভূমিকা রয়েছে এবং এই লক্ষ্য অর্জনে তারা অবশ্যই একে অপরকে সহযোগিতা করবেন। স্কুল স্টাফদের দায়িত্ব পিতামাতাদেরকে তাদের সন্তানের আচরণ সম্পর্কে অবহিত রাখা এবং কোন সমস্যা হলে তার সমাধানে পিতামাতাদেরকে অংশীদার হিসেবে তালিকাভুক্ত করা।

একটি নিরাপদ এবং সহায়ক স্কুল পরিবেশ গড়ে তুলতে পিতামাতাগণ যাতে সক্রিয় এবং সংশ্লিষ্ট অংশীদার হতে সক্ষম ও সহায়তাপ্রাপ্ত হতে পারেন, সেটা নিশ্চিত করতে, তাদের অবশ্যই শৃঙ্খলা বিধির সাথে পরিচিত হতে হবে।

শৃঙ্খলা বিধিটি বোঝা এবং শিক্ষার্থীদের সামাজিক-মানসিক বেড়ে ওঠায় সহায়তা প্রদানে স্কুল কীভাবে পিতামাতাদের সাথে সবচেয়ে ভালোভাবে কাজ করতে পারে সেসব বিষয়ের উপর পিতামাতাদের জন্য কর্মশালা করতে স্কুলগুলিকে উৎসাহিত করা হয়। শৃঙ্খলা বিধি সম্পর্কে তথ্য পিতামাতাদের কাছে উপস্থাপন করার জন্য অ্যাডমিনিস্ট্রেটর এবং প্যারেন্ট কোঅর্ডিনেটরদের সাহায্য করতে ডিজাইনকৃত ওয়ার্কশপ ট্রেনিং ডেক OSYD তৈরি ও লভ্য করে।

শিক্ষাবিদগণের দায়িত্ব পিতামাতাদেরকে তাদের সন্তানের আচরণ সম্পর্কে অবহিত রাখা এবং স্কুল ও সমাজে সাফল্যের জন্য প্রয়োজনীয় দক্ষতা শিক্ষার্থীদেরকে মধ্যে লালন করা। পিতামাতাদেরকে তাদের সন্তানের শিক্ষক এবং অন্য স্কুল কর্মীদের সাথে ঐসব বিষয়ে আলোচনায় উৎসাহিত করা হয় যেগুলি শিক্ষার্থীর আচরণকে প্রভাবিত করে এবং যা শিক্ষার্থীর সাথে কাজ করতে কার্যকরী হয় এমন সব কৌশল।

শিক্ষার্থী আচরণের জন্য যেসকল পিতামাতা সহায়তা এবং মধ্যস্থতা বিষয়ে আলোচনা করতে আগ্রহী তাদের শিক্ষার্থীর স্কুলের সাথে যোগাযোগ করা উচিত, এর মধ্যে, প্রয়োজনবোধে, থাকতে পারে প্যারেন্ট কোঅর্ডিনেটর, অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট।

যদি কোন শিক্ষার্থী অনুপযুক্ত আচরণে সংশ্লিষ্ট হয় যা শৃঙ্খলা বিধির লঙ্ঘন, প্রিন্সিপাল অথবা তার মনোনীত ব্যক্তি অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার কাছে সে আচরণের রিপোর্ট করবেন।

5. প্রশিক্ষণ:

প্রতিটি শিক্ষার্থী একটি নিরাপদ, সহায়ক এবং অন্তর্ভুক্তিমূলক স্কুলে শিক্ষা পাচ্ছে, সেটা নিশ্চিত করা DOE-র সর্বোচ্চ অগ্রাধিকার। এটা করতে, DOE পুনরুদ্ধারমূলক পদ্ধতি ব্যবহার করে যা সংঘাতের মূল কারণের সমাধান করে, সেই সাথে শিক্ষণীয় মুহূর্তের মাধ্যমে ইতিবাচক আচরণকে জোরদার করে। DOE শিক্ষার্থীদের সামাজিক-আবেগীয় দক্ষতা ও ভালো থাকাকে সহায়তা করতে শিক্ষকদের রিসোর্স প্রদান করে এবং ফলস্বরূপ, সাসপেনশন অথবা শৃঙ্খলাবিধানমূলক শাস্তিরউপর নির্ভরতা কমায়।

একটি নিরাপদ এবং মর্যাদাশীল স্কুল কমিউনিটি প্রতিষ্ঠা এবং সেটার সংরক্ষণ স্কুলে শিক্ষার্থীরা কীভাবে আচরণ করে, সেবিষয়ে প্রধান ভূমিকা রাখে। ইতিবাচক শিক্ষার্থী আচরণ উন্নীত করতে, স্কুল কমিউনিটির সকল সদস্যকে—শিক্ষার্থী, কর্মী ও পিতামাতাগণ—

গ্রহণযোগ্য আচরণমালা, যা সব শিক্ষার্থীর মেনে চলা প্রত্যাশিত, অসদাচরণের মোকাবেলায় যে সহায়তা ও হস্তক্ষেপ করা হবে এবং আচরণের মান পূরণ না হলে গৃহীত শৃংখলামূলক ব্যবস্থা সম্পর্কে জানতে ও বুঝতে হবে।

শিক্ষার্থীদের সাথে শৃঙ্খলা বিধি, শিক্ষার্থীর অধিকার এবং দায়বদ্ধতার শিক্ষার্থীর বিল (দ্য স্টুডেন্ট বিল অভ স্টুডেন্ট রাইটস অ্যান্ড রেস্পন্সিবিলিটি (The Student Bill of Student Rights and Responsibilities) এবং DOE-র ইন্টারনেটের গ্রহণযোগ্য ব্যবহার ও সুরক্ষা নীতি (ইন্টারনেট অ্যাক্সেপ্টেবল ইউজ অ্যান্ড রেস্পসিবিলিটিজ (Internet Acceptable Use and Safety Policy) পর্যালোচনা করতে স্কুলগুলোর অবশ্যই সময় আলাদা করে রাখতে হবে। এই পর্যালোচনা বয়স উপযোগী হওয়া উচিত যাতে সকল শিক্ষার্থী DOE-এর ইন্টারনেট সিস্টেমে প্রবেশ এবং ব্যবহারকালীন সময় সহ স্কুলে থাকা অবস্থায় তাদের কাছে প্রত্যাশিত আচরণ কী সেটি জানে এবং বোঝে।

শিক্ষার্থীরা শৃঙ্খলা বিধি বোঝেন এবং সমর্থন করেন এটা নিশ্চিত করার সবচেয়ে কার্যকরী পন্থা হলো বয়স উপযোগী ক্লাসরুম শিক্ষা নির্দেশনার মাধ্যমে। সকল শিক্ষার্থীকে শৃঙ্খলা বিধির উপরে কমপক্ষে একটি লেসন দিতে হবে। DOE মান-ভিত্তিক বয়স উপযোগী পাঠ পরিকল্পনা (লেসন প্ল্যান) লভ্য করে যার মধ্যে রয়েছে পারস্পরিক আদান-প্রদানমূলক (ইন্টার-অ্যাক্টিভ) অনুশীলনী, প্রস্তাবিত প্রজেক্ট এবং শিক্ষার্থীদের মধ্যে সহায়তামূলক শিখন অভিজ্ঞতার সুযোগ এবং একটি স্টুডেন্ট ওয়ার্কশপ ট্রেনিং ডেক।

স্কুলগুলোকে অবশ্যই 15 অক্টোবর, 2022 -এর মধ্যে সকল স্টাফ সদস্যের সাথে শৃঙ্খলা বিধি পর্যালোচনা করতে হবে এবং এর উদ্দেশ্য নিয়ে আলোচনা করার জন্য একটি ওয়ার্কশপ পরিচালনা করতে হবে। একটি মডেল পেশাগত উন্নয়ন ওয়ার্কশপ ট্রেনিং ডেক, যার মধ্যে আছে পারস্পরিক আদান-প্রদানমূলক (ইন্টার-অ্যাক্টিভ) অনুশীলনী, স্কুলগুলোর ব্যবহারের জন্য লব্ধ।

নিম্নলিখিত গুরুত্বপূর্ণ ডকুমেন্টসমূহ DOE -এর আচরণ বিধি এবং ডিস্ট্রিক্ট-ভিত্তিক স্কুল সুরক্ষা পরিকল্পনার অংশ।

গুরুত্বপূর্ণ ডকুমেন্টসমূহ:

Chancellor's Regulation A -411 Behavioral Crisis De-Escalation/Intervention and Contacting 911

Chancellor's Regulation A -412 Security in the Schools

Chancellor's Regulation A -413 Cell Phones and Other Electronic Devices in Schools

Chancellor's Regulation A-414 Safety Plans

Chancellor's Regulation A -415 Department of Education Emergency Notification System

Chancellor's Regulation A-418 Sex Offender Notification

Chancellor's Regulation A-420 Corporal Punishment

Chancellor's Regulation A-421 Verbal Abuse

Chancellor's Regulation A-432 Search and Seizure

Chancellor's Regulation A-443 Student Discipline Procedures

Chancellor's Regulation A -449 Safety Transfers

Chancellor's Regulation A-450 Involuntary Transfer Procedures

Chancellor's Regulation A-750 Child Abuse

Chancellor's Regulation A-755 Suicide Prevention/Intervention

Chancellor's Regulation A-830 Filing Internal Complaints of Unlawful Discrimination/Harassment

Chancellor's Regulation A-831 Peer Sexual Harassment

Chancellor's Regulation A-832 Student-To-Student Bias-Based Harassment, Intimidation, and/or Bullying

Respect for All webpage

Revised MOU Among DOE, NYPD and The City of New York

Citywide Behavioral Expectations to Support Student Learning (The Discipline Code K-5)

Citywide Behavioral Expectations to Support Student Learning (The Discipline Code 6-12)

Parents' Bill of Rights and Responsibilities

Parent Guide to School Safety and Emergency Preparedness Internet Acceptable Use and Safety Policy

Social Media Guidelines for Students 12 and Younger Social Media Guidelines for Students Over 13